



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ চা বোর্ড
প্রধান কার্যালয়
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী সড়ক
নাসিরাবাদ, চট্টগ্রাম।

কোটেশন নম্বর: ২৬.০৯.০০০০.১০১.০৭.০০৮.২৩-৩৮৬

তারিখ: ২৭/০৪/২০২৪ খ্রিস্টাব্দ


বিষয়: বাংলাদেশ চা বোর্ডের উপসচিব এর অফিসিয়াল কাজে ব্যবহারের লক্ষ্যে ১টি ল্যাপটপ এবং অন্যান্য শাখার জন্য ৫টি ইউপিএস সরবরাহের কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন পত্র।

প্রতি

.....

১. বাংলাদেশ চা বোর্ড এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হয়েছে এবং এর একটি অংশ যোগ্য পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করতে ইচ্ছুক, যার জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।
২. ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।
৩. 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।
৪. কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আত্মনাকারীর দপ্তরে দাখিল করতে হবে।
৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।
৬. সিলমোহরকৃত খাম, ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে [২৩/০৪/২০২৪ খ্রিস্টাব্দ বেলা ১২.৩০ টা]-এ বা এর পূর্বে কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে। কোটেশনের খামে "[বাংলাদেশ চা বোর্ডের উপসচিব এর অফিসিয়াল কাজে ব্যবহারের লক্ষ্যে ১টি ল্যাপটপ এবং অন্যান্য শাখার জন্য ৫টি ইউপিএস সরবরাহ]"-এর জন্য কোটেশন লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।
৭. মূল্যায়নের জন্য কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের একই তারিখে মূল্যায়ন কমিটির কাছে পাঠাতে হবে।
৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ১২০ [একশত বিশ] দিন পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।

৯. যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, শুল্ক ও আব, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।
১০. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।
১১. কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সম্বলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।
১২. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।
১৩. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্গিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।
১৪. ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ১০ [দশ] দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।
১৫. ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০৭ [সাত] দিনের মধ্যে জারী করতে হবে।
১৬. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
১৭. উক্ত কাজের কোটেশন সিডিউল অফিস চলাকালীন সময় (সকাল ০৯.০০ থেকে বিকাল ০৩.৩০ পর্যন্ত) বাংলাদেশ চা বোর্ড, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী সড়ক, নাসিরাবাদ, চট্টগ্রাম থেকে সংগ্রহ করা যাবে।


 মোহাম্মাদ রুহুল আমীন
 সচিব (ভারপ্রাপ্ত)

ফোন নম্বর: ০২৩৩৪৪৮২০৯৬

ই-মেইল: secretarybtb1@gmail.com

বিতরণ: জ্ঞাতার্থে এবং নোটিশ বোর্ডে প্রচারের জন্য

১. চট্টগ্রাম বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।
২. জিই আর্মি, চট্টগ্রাম সেনানিবাস, চট্টগ্রাম।
৩. জনসংযোগ ও শ্রমকল্যাণ কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। চা বোর্ডের ওয়েবসাইটে পোস্ট করার জন্য।
৪. নোটিশ বোর্ড
৫. দাপ্তরিক নথি।